

## (ডসা (DOSA) তহবিল পরিচালনা সংক্রান্ত প্রজ্ঞাপণ)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অর্থ বিভাগ  
উন্নয়ন শাখা-১

নং : অম/অবি/ডি:গ:শা:/১০/৯২/৮৪(১০০)

তারিখ : ০৫/০১/১৯৯৩ ইং

বিষয় : আই,ডি,এ, ক্রেডিট ২০৯৩-বিডি'র অধীনে বাস্তবায়নহীন কারিগরী সহায়তা প্রকল্প-৬(টি,এ-৬) এর জন্য ডলার স্পেশাল একাউন্ট (ডসা) পরিচালনা পদ্ধতি।

ডলার বিশেষ হিসাব পদ্ধতি পরিচালনা ও অর্থ ব্যবহারের নিয়মাবলী :

- (ক) আই,ডি,এ, ক্রেডিট ২০৯৩-বিডি'র অধীনে ডলার স্পেশাল একাউন্ট (ডসা) নামে বাংলাদেশ ব্যাংকে ইউ এস ডলারে একটি বিশেষ হিসাব খোলা হইবে এবং আলোচ্য প্রকল্প(টি,এ-৬) চালুকালীন সময় পর্যন্ত ইহা কার্যকর থাকিবে।
- (খ) ডলার বিশেষ হিসাবে আই,ডি,এ প্রারম্ভিক জমাসহ পুনর্ভরণের ভিত্তিতে অর্থ জমা করিবে।
- (গ) আই,ডি,এ বাংলাদেশ ব্যাংকের বিশেষ ডলার হিসাবে সরাসরি বৈদেশিক মুদ্রা জমা দেওয়ার সাথে সাথে বাংলাদেশ ব্যাংক, প্রকল্প পরিচালক, অসবি এবং অর্থ মন্ত্রণালয়ের উন্নয়ন অনুবিভাগকে অবহিত করিবে।

অর্থ ব্যবহারের নিয়মাবলী :

- (ক) কারিগরী সহায়তা প্রকল্প-৬ এবং উপ প্রকল্পসমূহ এডিপি/সংশোধিত এডিপিতে ঋণচুক্তি নং ২০৯৩ বিডিসহ প্রতিফলিত করিতে হইবে।
- (খ) অর্থনৈতিক সম্পর্ক বিভাগের প্রকল্প পরিচালকের নিকট অথরাইজেশন জারীর প্রস্তাব প্রেরণের সময় উপ-প্রকল্পের সর্গশ্রী প্রশাসনিক মন্ত্রণালয়ের খরচের বিভাজন উল্লেখপূর্বক প্রকল্প সাহায্য অংশের বৈদেশিক মুদ্রা ও টাকাংশে স্পষ্টভাবে উল্লেখ করিবে। উপ প্রকল্পের প্রশাসনিক মন্ত্রণালয় হইতে প্রাপ্ত বিভাজনের ভিত্তিতে অথরাইজেশন জারীর জন্য প্রকল্প পরিচালক (অসবি), অর্থ বিভাগকে অনুরোধ করিবে। প্রয়োজনবোধে সামগ্রিক বাজেট বরাদ্দের মধ্যে প্রশাসনিক মন্ত্রণালয় এই বিভাজন সংশোধন করিতে পারিবে। তবে অসবিকে অবগত করাইতে হইবে।
- (গ) প্রকল্প পরিচালক হইতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে অর্থ বিভাগ প্রতি অর্থ বছরে উপপ্রকল্প সমূহের বিপরীতে উন্নয়ন বাজেটে প্রদর্শিত প্রকল্প সাহায্য হিসাবে দেখানো বরাদ্দের অথরাইজেশন জারী করিবে।
- (ঘ) সর্গশ্রী অর্থ বছরের বাজেট বরাদ্দের তুলনায় অতিরিক্ত অর্থ ব্যয়ের প্রয়োজন হইলে উপ প্রকল্প বাস্তবায়নকারী কর্তৃপক্ষ সর্গশ্রী প্রশাসনিক মন্ত্রণালয়ের মাধ্যমে পরিকল্পনা কমিশনের পূর্ব অনুমোদনসহ প্রকল্প পরিচালককে অবহিত করিবে। তদনুযায়ী সংশোধিত অথরাইজেশন জারী করিবার জন্য প্রকল্প পরিচালক অর্থ বিভাগকে অনুরোধ করিবে।
- (ঙ) অনুমোদিত প্রকল্পের ক্ষেত্রে অথরাইজেশন জারীর পূর্বে পরিকল্পনা কমিশনের সম্মতি লাগিবে।
- (চ) অর্থ বিভাগ হইতে প্রকল্পের বিপরীতে অথরাইজেশন জারী না হওয়া পর্যন্ত প্রকল্প পরিচালক/বাস্তবায়নকারী কর্তৃপক্ষ ডসা হইতে কোন অর্থ ব্যয় করিতে পারিবেন না।
- (ছ) যে বিলের বিপরীতে ডসা হিসাব হইতে অর্থ পরিশোধ করা হইবে তাহাতে উপ প্রকল্প বাস্তবায়নকারী কর্তৃপক্ষের প্রত্যয়ন থাকিতে হইবে। প্রতিটি বিলের উপ প্রকল্প কর্তৃপক্ষ উপ প্রকল্পের জন্য নির্দিষ্ট পৃথক লেজার সংরক্ষণ করিবেন।
- (জ) বাংলাদেশ ব্যাংক ডসা সংক্রান্ত আদান প্রদানের মাসিক প্রতিবেদন প্রকল্প পরিচালক, বিশ্বব্যাংকের স্থানীয় অফিসে পরবর্তী মাসের ২য় সপ্তাহে প্রেরণ করিবে। এই প্রতিবেদনের উপর ভিত্তি করিয়া প্রকল্প পরিচালক পরবর্তীতে বিশ্বব্যাংকের নিকট পুনর্ভরণ দাবী করিবেন। প্রতি বছর ৩০ জুন উপপ্রকল্পওয়ারী খরচের একটি প্রতিবেদন প্রকল্প পরিচালক সর্গশ্রী সি,এ,ও কে প্রদান করিবেন যাহা সর্গশ্রী সিএও সরকারী হিসাবে প্রতিফলন করিবেন।
- (ঝ) 'ডসা' হইতে বৈদেশিক মুদ্রা ও টাকাংশে ব্যয় করা যাইবে তবে টাকাংশ ব্যয়ের সময় চলতি বিনিময় হার অনুযায়ী ডলারকে টাকায় রূপান্তর করিতে হইবে।
- (ঞ) অনুমোদিত বিল পরিশোধের জন্য ১৫ দিন পূর্বে উপ প্রকল্প বাস্তবায়নকারী কর্তৃপক্ষ প্রকল্প পরিচালকের নিকট বিল পেশ করিবেন। প্রকল্প পরিচালক তাহা পরীক্ষা করিয়া প্রয়োজনীয় অর্থ পরিশোধের জন্য বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করিবেন। প্রকল্প পরিচালক বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করিবেন। প্রকল্প পরিচালক বাংলাদেশ ব্যাংকে প্রেরিত পত্রের অনুলিপি সর্গশ্রী উপ প্রকল্প কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিবেন।
- (ট) বিল পরিশোধের পরে মাসিক ভিত্তিতে প্রকল্প পরিচালক পুনর্ভরণের জন্য উন্নয়ন সহযোগীদের নিকট মার্কিন ডলারে দাবী পেশ করিবেন।
- (ঠ) 'ডসা'র মাধ্যমে সম্পাদিত সকল খরচাদি ও লেনদেন সর্গশ্রী অনুমোদিত প্রকল্প ছক ঋণচুক্তি/প্রকল্প চুক্তিতে বর্ণিত শর্তাদি অনুযায়ী করিতে হইবে।

- (ড) সরকারের বৈদেশিক সাহায্যপুঁজি প্রকল্প অডিট দপ্তর কর্তৃক ডসা এবং এর অধীনে পরিচালিত কারিগরী সহায়তা প্রকল্প-৬ এর উপপ্রকল্পসমূহ প্রতি বছর অডিট করিতে হইবে। অডিট হইয়াছে এই মর্মে অর্থ বিভাগকে এবং আই,ডি,এ-কে অবহিত করিতে হইবে।
- (ঢ) কারিগরী সহায়তা প্রকল্প-৬ এর সকল বর্তমান ও ভবিষ্যৎ উপপ্রকল্পের জন্য ডসা পদ্ধতি কার্যকর থাকিবে।
- (ণ) দাতা সংস্থা, অর্থ বিভাগ এবং অসবি হইতে কারিগরী সহায়তা প্রকল্প-৬ সংক্রান্ত যে সকল আদেশ জারী করা হইবে প্রকল্প পরিচালক তাহা উপপ্রকল্প বাস্তবায়নকারী কর্তৃপক্ষকে অবহিত করিবেন।

স্বা/-

এম শরীফ উল্যাহ  
যুগ্ম সচিব(উন্নয়ন)  
অর্থ বিভাগ।